অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/28/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোকল ট্যানার্সভিলকে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের পঞ্চম রাউন্ডের দ্বিতীয় 10 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল রিজয়ন বিজয়ী হিসেবে ঘোষণা করেছেন

ট্যানার্সভিলের ডাউনটাউন পুনরুজ্জীবিত করতে স্টেট কাজ করবে বাসিন্দা, সম্প্রদায়ের নেতা এবং সরকারি কর্মকর্তাদের সাথে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য স্টেটের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে ট্যানার্সভিল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) পঞ্চম রাউন্ডের রাজধানী অঞ্চলের দ্বিতীয় বিজয়ী হিসেবে 10 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন লাভ করবে। DRI পঞ্চম রাউন্ডের অংশ হিসেবে, স্টেটের 10টি আঞ্চলিক অর্থনীতির প্রতিটিকে 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে, অর্থাৎ সর্বমোট 200মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন ও বিনিয়োগ করা হচ্ছে যাতে ডাউনটাউনগুলিকে প্রাণবন্ত এলাকায় রূপান্তর করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে তাদের কোভিড-19 পরবর্তী অর্থনীতিকে উন্নত করার সাহায্য লাভ করে।

"কোভিড-19 ছোট ব্যবসা ও সম্প্রদায়ে যেই প্রভাব ফেলেছে, তার কারণে তাদের পুনরুজ্জীবনের জন্য স্টেটের বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে করে তারা আগের থেকে ভালো অবস্থায় ফিরে যেতে পারে," **গভর্নর হোকল বলেন।** "এই অর্থায়ন সমৃদ্ধ ইতিহাসের গ্রাম ট্যানার্সভিলকে পরবর্তী পর্যায়ে নিয়ে যাবে যাতে করে এটি আপস্টেট নিউ ইয়র্কের সেরাদের একটি উদাহরণ হিসেবে বিকশিত ও উত্থিত হতে পারে।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "এই 10 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন ট্যানার্সভিলকে চার ঋতুতেই ছুটি কাটানো ও বিনোদন শিল্পকে সমর্থন করে এমন একটি সাশ্রয়ী সম্প্রদায় হয়ে উঠার কাজ চালিয়ে যেতে দিবে। 'পেইন্টেড ভিলেজ ইন দ্য স্কাইয়ের (Painted Village in the Sky)' বাসিন্দারা এখন অন্যান্য অনেক ডাউনটাউনের বাসিন্দাদের সাথে যুক্ত হবে যারা এই গুরুত্বপূর্ণ প্রোগ্রাম দ্বারা লাভবান হয়েছে।"

স্টেটের ডিপার্টমেন্টের নেতৃত্বে, ডাউনটাউনের এলাকাগুলিকে উচ্চমানের জীবন প্রদানকারী এবং পুনর্নির্মাণ, ব্যবসা, চাকরি এবং অর্থনৈতিক ও আবাসিক বৈচিত্র্য আকর্ষণকারী ক্রিয়াকলাপের প্রাণবন্ত কেন্দ্র রূপান্তর করে, DRI স্টেটের অর্থনৈতিক বিকাশ নীতির একটি ভিত্তিপ্রস্তর হিসেবে কাজ করে। এই রাউন্ডে, গভর্নর হোচুল অর্থায়ন দ্বিগুণ করে 100 মিলিয়ন থেকে 200 মিলিয়ন করেন এবং প্রতিটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদকে দুটি 10 মিলিয়ন ডলার প্রাপক বা একটি 20 মিলিয়ন ডলার প্রাপককে রূপান্তরমূলক শহরতলির পুনঃউন্নয়ন প্রকল্পের জন্য মনোনীত করার সিদ্ধান্ত নেওয়ার অনুমতি দেন। অতীতের DRI রাউন্ডগুলোর মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। DRI তহবিল তারপরে পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং শহরতলীর জন্য কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সব চেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে প্রদান করবে। DRI-র মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) অর্থপ্রাপ্তদের সহায়তা করতে কারিগরি সমর্থন প্রদান করবে যার মধ্যে রয়েছে 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার স্টেটের লক্ষ্য সমর্থন করতে কার্বন নিরপেক্ষ নীতি।

ট্যানার্সভিল

ট্যানার্সভিলের DRI মনোযোগ দিবে তাদের ডাউনটাউনের পেইন্টেড ভিলেজ অংশে। ক্যাটস্কিল ফরেস্ট প্রিজার্ভের মধ্যে, ট্যানার্সভিল তাদের কম্প্যাক্ট, হাঁটার যোগ্য এবং বৈচিত্র্যময় ডাউনটাউনকে কল্পনা করে ব্যবসা, বেসরকারি ফাউন্ডেশন, সম্প্রদায়ের সদস্য, নির্বাচিত নেতা, এবং সামাজিক উদ্ভাবকদের একটি চটপটে জোট হিসেবে, যারা বহু উদ্যোগ শুরু করে গ্রামটিকে সকলের জন্য অসাধারণ করে তুলতে একসাথে কাজ করবে। স্থানীয় দীর্ঘমেয়াদি বাসিন্দাদের জন্য একটি সাশ্রয়ী চার ঋতুর বিনোদন ও ছুটি কাটানোর স্থান হয়ে উঠার নিবেদন নিয়ে, গ্রামটি তাদের ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করতে কঠোর পরিশ্রম করেছে, এর জন্য সাম্প্রতিক ও আসন্ন 126 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ রয়েছে। এই নিবেদন অব্যাহত রেখে, ট্যানার্সভিলের উদ্দেশ্য হল নতুন সাশ্রয়ী আবাসন তৈরি করা, সম্প্রদায়ের সেবা সম্প্রসারণ করা, এবং শিল্প ও সাংস্কৃতিক সুযোগসুবিধা বৃদ্ধি করা।

ক্যাপিটাল রিজয়নের অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (Capital Region Economic Development Council, CREDC) এই অঞ্চলে বসবাসকারী সম্প্রদায়গুলোর জমাকৃত প্রস্তাবগুলির বিষয়ে একটি বিস্তারিত ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করে এবং ট্যানার্সভিলকে মনোনীত করার আগে সাতটি মানদণ্ড বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;

- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটি ইতোমধ্যে স্থানীয় ভূমি ব্যাংক, আধুনিক জোনিং কোড ও পার্কিং সংক্রান্ত মানদণ্ড ব্যবহার করা, সড়কের পরিকল্পনা, জ্বালানি সাশ্রয়ী প্রকল্প, সবুজ কর্মসংস্থান, ও ট্রানজিট-অভিমুখী উন্নয়ন সম্পন্ন করা সহ, জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করে থাকতে হবে অথবা তা করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং DRI কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটির DRI প্রক্রিয়ার ব্যবস্থাপনার জন্য স্থানীয় সক্ষমতা থাকতে হবে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

ট্যানার্সভিল এখন DRI-র পঞ্চম রাউন্ডের ক্যাপিটাল রিজয়নের বিজয়ী হিসেবে সিটি অফ ট্রয়ের সাথে যোগ দিলো। প্রথম চারটি DRI রাউন্ডের বিজয়ী হয়েছিলো যথাক্রমে গ্লেনস ফলস, হাডসন, অ্যালবানি এবং স্কেনেকট্যাডি শহর।

ট্যানার্সভিল এখন এর ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) তৈরির প্রক্রিয়া শুরু করবে যার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত ব্যবহার করা যাবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনাটি স্থানীয় সম্পদ এবং সুযোগ পরীক্ষা করে দেখবে এবং ডাউনটাউন পুনরুজ্জীবনের জন্য সম্প্রদায়ের লক্ষ্যের সাথে মিলে যায় এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত এমন অর্থনৈতিক বিকাশ, পরিবহন, আবাসন, এবং সম্প্রদায় প্রকল্প চিহ্নিত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর পঞ্চম রাউন্ডের পরিকল্পনাগুলো 2022 সালে সম্পন্ন হবে।

স্টেট সেক্রেটারি রোজানা রোসাডো বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি কেবল নিউ ইয়র্কের সর্ববৃহৎ শহরগুলির উন্নয়নের জন্য নয়, বরং এটি স্টেটজুড়ে ট্যানার্সভিলের মতো আমাদের অনন্য ডাউনটাউন গ্রামগুলিকেও সমর্থন করছে। এই অর্থ ট্যানার্সভিল গ্রামকে বাসিন্দা ও পর্যটকদের প্রয়োজন পূরণ করে এমন একটি ডাউনটাউন পাওয়ার এর লক্ষ্যকে

সম্পূর্ণ বাস্তবায়ন করতে সাহায্য করবে। ডিপার্টমেন্ট অফ স্টেট গ্রামের সাথে কাজ করে স্টেটের প্রভাব এমন উপায়ে বর্ধিত করতে ইচ্ছুক যাতে তা ব্যবহার করে ট্যানার্সভিলের মানুষের উপভোগ করার জন্য আরো আবাসন সুযোগ এবং অতিরিক্ত বিনোদনমূলক ও সাংস্কৃতিক সম্পদ সৃষ্টির জন্য আরো বেসরকারি বিনিয়োগ আনা যায়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা হোপ নাইট বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের কেন্দ্রবিন্দু হল সরকারি-বেসরকারি অংশীদারিত্ব যা টেকসই অর্থনৈতিক বিকাশ সৃষ্টির জন্য নতুন বিনিয়োগ উৎসাহিত করে। অর্থায়নটি প্রকল্প সমর্থনের মাধ্যমে সম্প্রদায়ের তৃণমূল উন্নয়ন প্রচেষ্টা ব্যবহার করে পর্যটক ও নতুন বাসিন্দাদের একইসাথে স্বাগত জানানোর একটি গন্তব্য তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আমরা আমাদের বিদ্যমান সম্প্রদায় সম্পদ ব্যবহার করা ডাউনটাউন জেলাগুলিতে নির্দিষ্ট বিনিয়োগ করার মাধ্যমে আমাদের স্থানীয় অর্থনীতির বিকাশ ও নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নয়ন করতে পারি। ট্যানার্সভিল হল প্রকৃতি প্রেমী ও শিল্প প্রেমীদের জন্য সারা বছরে ঘুরতে যাওয়ার গন্তব্য, এবং এই অর্থ গ্রামটিকে এই খ্যাতির উপর ভিত্তি করে আরো বিকাশ করার এবং একই সাথে দীর্ঘদিনের বাসিন্দাদের জন্য সাশ্রয় আবাসন সুযোগ ও সেবা সম্প্রসারণ করার ক্ষমতা দিবে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে, ট্যানার্সভিল এবং সম্পূর্ণ ক্যাপিটাল রিজয়ন আসন্ন অনেক দশকের জন্য উন্নতি করবে।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "যখন আমরা জলবায়ু পরিবর্তনের সাথে যুদ্ধ করছি তখন আমাদের সবুজ অর্থনীতি তৈরি এবং আরো টেকসই সম্প্রদায়কে সমর্থন করা অত্যাবশ্যকীয়, এবং NYSERDA ট্যানার্সভিলকে গ্রামটির কার্বনমুক্তকরণ প্রচেষ্টায় কারিগরি সহায়তা প্রদান জন্য উন্মুখ। আমরা স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে আমাদের সম্প্রদায়গুলিতে কার্বন নিরপেক্ষতা অর্জনের জন্য ডিপার্টমেন্ট অফ স্টেটের সাথে কাজ চালিয়ে যেতে পেরে আনন্দিত।"

সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "ক্যাটস্কিলের অতুলনীয় সৌন্দর্য এবং বিনোদনমূলক সুযোগ সাথে নিয়ে, গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন কীভাবে ছোট এলাকার ব্যবসাগুলিকে উন্নত করতে পারে, স্থানীয় পরিবারের জীবনযাত্রার মান উন্নত করতে পারে এবং স্মার্ট বিনিয়োগ উৎসাহিত করতে পারে, যা আমাদের অঞ্চল প্রদত্ত সকল কিছু উপভোগ করার জন্য আরো বেশি পর্যটককে আকর্ষণ করে, ট্যানার্সভিল গ্রাম হল তার একটি শক্তিশালী উদাহরণ। আমি ট্যানার্সভিলের DRI আবেদন সমর্থন করতে পেরে গর্বিত এবং অত্যন্ত আনন্দিত যে গ্রিন কাউন্টির সম্প্রদায়টিকে সারা বছরের পর্যটনের জন্য বিশ্বমানের গন্তব্য হিসেবে এর সম্ভাবনাকে পুরোপুরি বাস্তবায়ন করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হয়েছে। আমি মাউন্টেনটপে থাকা আমাদের দুর্দান্ত সুযোগকে স্বীকৃতি দেওয়ার জন্য এবং আমাদের স্টেটে ডাউনটাউন পুনরুজ্জীবিত করার ক্ষেত্রে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য তাকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস ট্যাগ বলেন, "ট্যানার্সভিল হল প্রাকৃতিক আকর্ষণ এবং সুন্দর দৃশ্যবেষ্টিত একটি গ্রাম যা পৃথিবীর অন্য কোনো জায়গার মতো নয়, তাই এর ডাউনটাউন এলাকার পেইন্টেড ভিলেজ অংশটিকে দর্শকদের আকৃষ্ট করবে এবং পর্যটকদের এখানকার সুবিধা ব্যবহার করতে জড়িত করবে এমন কিছু হিসেবে বিকাশের জন্য এই অর্থায়ন নিশ্চিত করা নিয়ে আমি মাসের পর মাস ধরে স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের সাথে কঠোর পরিশ্রম করছি। আমার আশা যে এই অর্থায়নটি ট্যানার্সভিলের ডাউনটাউন অংশকে এমন একটি জায়গা হিসেবে বিকশিত হতে সাহায্য করবে যেখানে ট্যানার্সভিলকে এখানে যারা থাকবে এবং যারা বেড়াতে আসবে সকলের জন্য সেরা স্থান বানাতে স্থানীয় ব্যবসার মালিক, বাসিন্দা এবং কর্মকর্তারা একসঙ্গে কাজ করবে। আমি একটি অত্যন্ত যোগ্য গ্রামীণ সম্প্রদায়কে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগ প্রদানের জন্য গভর্নর হোকল এবং REDC-কে এবং একইসাথে আমার আইনসভার অংশীদার সিনেটর হিঞ্চি, স্থানীয় সরকারে আমার অংশীদারগণ এবং এটিকে বাস্তবে পরিণত করার এই প্রচেষ্টায় স্বেচ্ছাসেবক সকলকে তাদের কাজের জন্য ধন্যবাদ জানাতে চাই। ধন্যবাদ।"

ট্যানার্সভিলের মেয়র ডাঃ লি ম্যাকগুনিগল বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে ডাউনটাউন পুনরুজ্জীবন প্রোগ্রামের অংশ হিসাবে ট্যানার্সভিল 10 মিলিয়ন মার্কিন ডলার পাওয়ার জন্য নির্বাচিত হয়েছে। ধন্যবাদ আমাদের গ্রামের বহু মানুষকে যারা আজকের ঘোষণা সম্ভব করার জন্য কাজ করেছেন, এবং গভর্নর হোকলকে তার সমর্থনের জন্য। আমাদের লক্ষ্যকে উন্নত করার জন্য এবং এই লক্ষ্য অর্জনে সাহায্য করবে এমন প্রকল্পের তালিকা তৈরির জন্য আমাদের সম্প্রদায়ের সকলের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

CREDC সহ সভাপতি, NBT ব্যাঙ্কের সম্পদ ব্যবস্থাপনা প্রেসিডেন্ট রুথ ম্যাহনি এবং অ্যালবানি ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ডাঃ হাভিয়ান রদ্রিগেজ বলেন, "ট্যানার্সভিলের পরিকল্পনা, ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে প্রদত্ত তহবিলের সাথে মিলিত হয়ে এমন প্রকল্পগুলিকে সমর্থন করবে যা ডাউনটাউন এলাকার স্থানীয় লক্ষ্যকে অগ্রসর করার জন্য সম্প্রদায়ের অনন্য সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে। পরিষদের অন্য সদস্যদের পক্ষে, আমরা ট্যানার্সভিল দলকে অভিনন্দন জানাই এবং তাদের শুভকামনা জানাই।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পর্কে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগটি বিনিয়োগের ক্রিয়াকলাপার কেন্দ্র ও অনুঘটক হিসেবে কাজ করার জন্য স্টেটের দশটি অঞ্চলের সব কটির ডাউনটাউনগুলি ও এলাকাগুলিকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরাণিত ও সম্প্রসারিত করার উদ্দেশ্য নিয়ে 2016 সালে চালু করা হয়েছিল। ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, উদ্যোগটি একটি অভূতপূর্ব এবং উদ্ভাবনী প্ল্যান-টু-অ্যাক্ট কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলগত পরিকল্পনাকে অবিলম্বে বাস্তবায়ন করার সাথে সংযুক্ত করে যা তার সাথে তাদের সম্প্রদায়ের ভবিষ্যতের দৃষ্টিকে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকারের ক্ষমতাকে সমর্থন করার উদ্দেশ্যে রাজ্যের বিশেষজ্ঞদের একটি আন্তঃ-এজেন্সির দলকে সাথে নিয়ে আসে।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন ডাউনটাউনগুলোতে 400 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। DRI এর পঞ্চম রাউন্ডে অতিরিক্ত 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি থাকবে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। প্রতিটি কমিউনিটিকে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য কমপক্ষে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

শহরতলীর পুনঃউন্নয়ন গাড়ির ব্যবহার ও গ্রিনহাউজ গ্যাস নির্গমন উল্লেখযোগ্য মাত্রায় কমিয়ে দেয় হাঁটার, বাইক চালানোর ও পরিবহনের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য সম্প্রদায় তৈরি করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব কাটিয়ে ওঠা এবং জলবায়ু ন্যায়বিচারের প্রসার ঘটানোর জন্য স্টেটের ধারাবাহিকভাবে বজায় রাখা যায় এমন অর্থনৈতিক উন্নয়নের জাতীয়-নেতৃত্বমূলক প্রচেষ্টায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। DRI বাইরের বিনোদন এবং ব্যায়ামের জন্য আরও সুযোগ তৈরি করে রাজ্যের স্বাস্থ্য জুড়ে সমস্ত নীতি/বয়স-বান্ধব NY উদ্যোগকে (Health Across All Policies/Age-Friendly NY initiative) সমর্থন করে; সামাজিক আদান-প্রদানের জন্য নিরাপদ, সুগম সর্বজনীন স্থান প্রদান করে, যা মানসিক স্বাস্থ্যের উন্নতি করে; এবং তাজা, পুষ্টিকর খাবারের প্রবেশাধিকার সম্প্রসারণ করে, বিশেষ করে অনুন্নত সম্প্রদায়গুলিতে।

এই উদ্যোগের নেতৃত্বে নিউ ইয়র্কের সেক্রেটারি অফ স্টেট রসানা রোসাদো রয়েছেন। সম্প্রদায়গুলি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ও স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউলের সাথে ঘনিষ্ঠ অংশীদারিতে স্টেটের নেতৃত্বে বেসরকারী খাত বিশেষজ্ঞ এবং স্টেট এজেন্সি কর্মীদের সমর্থন রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন